পদক্ষেপ
মানবিক উন্নয়ন কেন্দ্র
+৮৮০ ২ ৫৮১৫১১২৬, ০১৭৭৭৭৯১১২২
+880 2 58151126, 01777791122
info@padakhep.org
www.padakhep.org
এস টাওয়ার, ২৮/১, পশ্চিম তেজতুরি বাজার, তেজগাঁও, ঢাকা-১২১৫
S Tower, 28/1, West Tejturi Bazar, Tejgaon, Dhaka-1215

স্মারক নংঃ পদ/পক/এইচ. আর এন্ড এডমিন/২০২৫/৪৬৮১ | তারিখঃ ০১/০৭/২০২৫ খ্রিষ্টাব্দ

# অফিস আদেশ

**বিষয়ঃ সংস্থায় "ডাটা অ্যানালিটিক্স অ্যান্ড ডিজিটালাইজেশন ইউনিট" এবং "মাইক্রোফাইন্যান্স প্রজেক্ট ম্যানেজমেন্ট ইউনিট" নামে দু'টি ইউনিট গঠন ও এর কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।**

সূত্রঃ স্মারক নংঃ পদ/পক/এইচ. আর এন্ড এডমিন/২০২৪/৩৯৭৬, তারিখঃ ০২/০৬/২০২৪ খ্রিষ্টাব্দ।

ক. বর্ণিত বিষয় ও স্মারক সূত্রে প্রদত্ত নির্দেশনার ধারাবাহিকতায় সংস্থার অটোমেশন ও ডিজিটালাইজেশন কার্যক্রম সমূহের গতিশীলতা আনয়ন এবং সংস্থার সমন্বিত উন্নয়ন কৌশল (Holistic Development Approach) কার্যক্রমকে আরো গতিশীল করার লক্ষ্যে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে **"ডাটা অ্যানালিটিক্স অ্যান্ড ডিজিটালাইজেশন ইউনিট"** এবং **"মাইক্রোফাইন্যান্স প্রজেক্ট ম্যানেজমেন্ট ইউনিট"** নামে দু'টি ইউনিট গঠন করা হলো।

খ. নতুন গঠিত **"ডাটা অ্যানালিটিক্স অ্যান্ড ডিজিটালাইজেশন ইউনিট"** এর আওতায় অর্পিত সকল কার্য সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে **জনাব আদনান খান, যুগ্ম পরিচালক** কে সার্বিক দায়িত্ব প্রদান করা হলো। প্রধান কার্যালয়ের প্লানিং, কোঅর্ডিনেশন এন্ড প্রোডাক্ট ডেভেলপমেন্ট ইউনিটে কর্মরত জনাব মোঃ মোমিনুল হক, সহকারী পরিচালক এবং জনাব সাইফুল ইসলাম, সিনিয়র ম্যানেজার কে অত্র ইউনিটের আওতায় বদলী করা হলো। তারা জনাব আদনান খান, যুগ্ম পরিচালক এর তত্ত্বাবধানে থেকে সংস্থার Padakhep Microzen Software, LEAP Software, Digital Product, Data Management & Transformation, Product Management & Agile Transformation, Digital Transformation and Process Optimization, Stakeholder Management, Remittance Program, Mobile Financial Services, Renewable Energy Program, Automation প্রভৃতি বাস্তবায়নে সার্বিক সহযোগিতা প্রদান ও অর্পিত দায়িত্ব পালন করবেন এবং তার নিকট জবাবদিহী করবেন ও দায়বদ্ধ থাকবেন।

গ. এছাড়া সূত্রে বর্ণিত অফিস স্মারকের অনুবৃত্তিক্রমে **"মাইক্রোফাইন্যান্স প্রজেক্ট ম্যানেজমেন্ট ইউনিট"** এর আওতায় সংস্থার মাইক্রোফাইন্যান্স প্রোগ্রামের সাথে সম্পর্কযুক্ত সকল প্রকল্পের নির্ধারিত কার্যক্রম সমূহের সার্বক্ষণিক নিবিড় পর্যবেক্ষন ও সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে **জনাব মোঃ আবুল কালাম আজাদ, উপ পরিচালক** কে সার্বিক তত্ত্বাবধানের দায়িত্ব প্রদান করা হলো। অত্র ইউনিটের আওতায় জনাব ফুলকুমারী খীসা, সহকারী ম্যানেজার কে সংযুক্ত করা হয়েছে। তিনি অত্র ইউনিটের ইউনিট প্রধানের তত্ত্বাবধানে থেকে প্রকল্প সমূহের কার্যক্রম সুষ্ঠু সম্পাদনে সার্বিক সহযোগিতা প্রদান ও অর্পিত দায়িত্ব পালন করবেন এবং তার নিকট জবাবদিহী করবেন ও দায়বদ্ধ থাকবেন।

ঘ. উপর্যুক্ত কার্যক্রম সমূহের দায়িত্বপ্রাপ্ত ইউনিট প্রধানগণ সরাসরি **উপ নির্বাহী পরিচালক** এর নিকট জবাবদিহী করবেন এবং দায়বদ্ধ থাকবেন।

**ঙ. অত্র অফিস আদেশটি ০১/০৩/২০২৫ খ্রিস্টাব্দ তারিখ থেকে কার্যকর বলে বিবেচিত হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।**

সংশ্লিষ্ট সকলকে এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে বলা হলো।

**(মোঃ সালেহ বিন সামস)**
**নির্বাহী পরিচালক**

**সংযুক্তিঃ গঠিত ইউনিট দু'টির কার্যপরিধি এবং দায়িত্বপ্রাপ্ত কর্মীদের ToR.**

**অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)**
প্রেসিডেন্ট মহোদয়, পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র।

**অনুলিপিঃ অবগতি ও কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য (ই-মেইলে প্রেরণ করা হলো)**

১) উপ নির্বাহী পরিচালক, প্রধান কার্যালয়।
২) পরিচালক, আই.সি.টি বিভাগ এবং ভারপ্রাপ্ত পরিচালক, এন্টারপ্রাইজ উইং, প্রধান কার্যালয়।
৩) সকল উইং / বিভাগ / প্রোগ্রাম / ব্যবস্থাপনা ইউনিট প্রধান, প্রধান কার্যালয়।
৪) সকল জোন / এরিয়া / ব্রাঞ্চ / প্রকল্প অফিস প্রধান, মাঠ কার্যালয়।
৫) সিনিঃ সহকারী পরিচালক, আই.সি.টি বিভাগ, প্রধান কার্যালয় (অফিস আদেশটি সংস্থার ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬) সংস্থায় কর্মরত সকল কর্মী।
৭) অফিস কপি।